

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৬২
আগরতলা, ০৩ সেপ্টেম্বর, ২০১৮

নেশামুক্ত ত্রিপুরা গড়তে খেলাধুলা
অন্যতম মাধ্যম হতে পারে : মুখ্যমন্ত্রী

আমরা চাই নেশামুক্ত রাজ্য। খেলাধুলা-এর অন্যতম মাধ্যম হতে পারে। তাই যুব সমাজকে খেলাধুলায় আগ্রহী করে তুলতে হবে। নেশা ছেড়ে যুব সম্প্রদায় যখন খেলাধুলায় আগ্রহী হবে তখন নেশামুক্ত ত্রিপুরা গড়তে সহায়ক হবে। এজন্য চাই সকলের জন্য খেলা। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ বিকেলে উমাকান্ত মিনি স্টেডিয়ামে চন্দ্র মেমোরিয়্যাল লিগ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথাগুলো বলেন। এই লিগ ফুটবল টুর্নামেন্ট মোট ৮টি ক্লাব অংশ নিয়েছে। প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, আগে আমরা ধানখেতে ফুটবল খেলতাম। আজ এটা উধাও হয়ে গেছে। বিগত ২০-২২ বছর ধরে ছেলেরা খেলাধুলা ছেড়ে রোজ বিকেলে মিছিল-মিটিং-এ অংশ নিত। নেশাগ্রস্ত হয়ে থাকত। এই নেশার প্রবণতা আমরা রুখতে চাই।

মুখ্যমন্ত্রী বলেন, কেবল লেখাপড়া নয়, চাই খেলাধুলাও। পড়লেই সব হয় না। শচীন তেডুলকর, দীপা কর্মকাররা এর অন্যতম উদাহরণ। বক্সার নীষ্ঠা চক্রবর্তী এবং গোলকিপার লক্ষ্মীতা রিয়াং খেলাধুলায় দেশের নাম উজ্জ্বল করেছে। তাই চাই ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন খেলাধুলাকে তৃণমূল স্তরে নিয়ে যাক। রাজ্যের বিভিন্ন ক্লাব, নেহরু যুব কেন্দ্র ও এন এস এস-এ কাজটি আরও সুন্দরভাবে করতে পারে। তিনি বলেন, যুব সমাজ নেশা ছেড়ে খেলাধুলায় যুক্ত হয়ে থাকলে সবচাইতে বেশী খুশি হবে। মুখ্যমন্ত্রী বলেন, চিন, কোরিয়া জিমন্যাস্টিক্সে উন্নত হলেও আমাদের রাজ্যও পিছিয়ে নেই। একে আরও এগিয়ে নিতে হবে।

অনুষ্ঠান শুরুর আগে বলে কিক মেরে টুর্নামেন্টের সূচনা করেন রাজ্যের প্রখ্যাত প্রাক্তন ফুটবলার অবনী গোপা। টি এফ এ-র পতাকা উত্তোলন করেন টি এফ এ সভাপতি রতন সাহা। রতন সাহা কেরালার বন্যা দুর্গতদের সাহায্যার্থে ১ লক্ষ টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলের দান করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক সুরজিৎ দত্ত, বিধায়ক আশীষ কুমার সাহা, ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সন্তোষ সাহা, বিগ বাজারের স্টোর ম্যানেজার অর্গব ব্যাণার্জী ও ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সভাপতি রতন সাহা উপস্থিত ছিলেন। টি এফ এ-র পক্ষ থেকে অতিথিদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উদ্বোধনী ম্যাচে জুয়েলর্স এসোসিয়েশন ২-১ গোলে টাউন ক্লাবকে পরাজিত করে। খেলাটি পরিচালনা করেন রেফারী তাপস দেবনাথ।
